

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৭৫৪

শান্তিরবাজার, ২১ নভেম্বর, ২০২৩

রাজ্যভিত্তিক আন্তর্জাতিক মৎস্য দিবস

গ্রামীণ অর্থনীতির বিকাশে মৎস্যচাষকে অগ্রাধিকার দেওয়া হয়েছে : সমবায় মন্ত্রী

গ্রামীণ অর্থনীতির বিকাশে রাজ্যে মৎস্যচাষকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। রাজ্য সরকার কৃষি ও কৃষি সংশ্লিষ্ট ক্ষেত্রগুলিকে অগ্রাধিকার দেওয়ায় রাজ্যের গ্রামীণ এলাকার বিকাশ ত্বরান্বিত হচ্ছে। আজ শান্তিরবাজারের মুকুট অডিটোরিয়ামে রাজ্যভিত্তিক আন্তর্জাতিক মৎস্য দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করে সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া একথা বলেন। অনুষ্ঠানে তিনি বলেন, রাজ্যে মাছের উৎপাদন বৃদ্ধির জন্য বিভিন্ন কর্মসূচি নেওয়া হয়েছে। এসব কর্মসূচি মৎস্যচাষীদের স্বনির্ভর করার পাশাপাশি রাজ্যের অর্থনীতিকেও শক্তিশালী করতে ভূমিকা নিচ্ছে।

রাজ্যভিত্তিক আন্তর্জাতিক মৎস্য দিবস উদযাপন অনুষ্ঠানে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে ২২২ জন মৎস্যচাষি অংশ নেন। অনুষ্ঠানে ২২ জন সেরা মৎস্যচাষিকে পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি কাকলি দাস দত্ত, বিধায়ক স্বপ্না মজুমদার, শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য, বকাফা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শ্রীদাম দাস প্রমুখ। মৎস্য দপ্তরের অধিকর্তা সন্তোষ দাস মৎস্যচাষ বৃদ্ধির জন্য রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প তুলে ধরে আলোচনা করেন। স্বাগত বক্তব্য রাখেন মৎস্য দপ্তরের উপঅধিকর্তা সুকেশ চন্দ্র মজুমদার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সহকারি সভাপতি বিভীষণ দাস।

\*\*\*\*\*